

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৪৬

খোয়াই, ২৪ ফেব্রুয়ারি, ২০২৪

নোনাছড়া ভিলেজ পরিদর্শনে কৃষিমন্ত্রী
বর্তমান সরকার মানুষের কল্যাণে কাজ করছে

বর্তমান সরকার মানুষের কল্যাণে কাজ করছে। জনজাতি অধ্যুষিত এলাকার বিকাশেও সরকার অগ্রাধিকার দিয়েছে। জনজাতি অধ্যুষিত এলাকাগুলিতে বিদ্যুৎ পরিষেবার সুযোগ পৌঁছে দেওয়া হচ্ছে। আজ কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ মুঙ্গিয়াকামী র্নকের নোনাছড়া এডিসি ভিলেজ পরিদর্শন করে একথা বলেন। নোনাছড়া এডিসি ভিলেজের বিভিন্ন এলাকা পরিদর্শনের সময় কৃষিমন্ত্রীর সাথে ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, মুঙ্গিয়াকামী বিএসি'র চেয়ারম্যান সুনীল দেববর্মা, ট্রেডার ডিজি মহানন্দ দেববর্মা, মুঙ্গিয়াকামী র্নকের বিডিও সুশিল রিয়াং ও অন্যান্য আধিকারিকগণ।

ভিলেজের বিভিন্ন এলাকা পরিদর্শনের সময় কৃষিমন্ত্রী ও জনজাতি কল্যাণমন্ত্রী প্রথমে তুঁইকল পাড়ায় স্থানীয়দের সাথে মতবিনিময় করেন। মতবিনিময়ের সময় কৃষিমন্ত্রী রতনলাল নাথ ভিলেজবাসীদের আত্মনির্ভর হতে আনারস ও পাম ওয়েল চাষের পরামর্শ দেন। কৃষিমন্ত্রী এই জনবসতি এলাকায় বিদ্যুৎ, পানীয়জল, আবাসন প্রকল্পের সুযোগ যথাযথ ভাবে পৌঁছেছে কিনা সে বিষয়েও খোঁজ খবর নেন। তিনি ভিলেজ এলাকায় নবনির্মিত সোলার বেজড কমিউনিটি ওয়াটার পিউরিফিকেশন প্ল্যান্ট পরিদর্শন করেন। কৃষিমন্ত্রী জানান, নোনাছড়ার তুঁইকল পাড়া, দত্তমলসম পাড়া, গোমতী জেলার কিপ্লা, ধলাই জেলার ছামনু খালছড়া, রাজমঙ্গল এলাকায় পিএম কুসুম প্রকল্পে বিদ্যুৎ পরিষেবা পৌঁছে দেওয়া হচ্ছে। কৃষিমন্ত্রী ও জনজাতি কল্যাণমন্ত্রী এদিন নোনাছড়া ভিলেজের দত্তমলসম পাড়ায় এবং সর্খিপাড়ায় নবনির্মিত মাইক্রো সোলার প্ল্যান্ট দুটি পরিদর্শন করেন ও স্থানীয় জনজাতি অংশের মানুষের সাথে মতবিনিময় করেন।
